

বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট  
বাকুবি চত্বর, ময়মনসিংহ-২২০২।

নং-বিনা-১ (শ্রমিক প্রসঙ্গ)/৬৯/৮৯/ ০৮০

তারিখঃ ১৭/০৮/২০১৬ খ্রিঃ

পরিপত্র


বিষয় : ব্যাংক এ্যাকাউন্ট খোলা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানান যাচ্ছে যে-

- (ক) প্রধান কার্যালয়সহ উপকেন্দ্রসমূহের সকল নিয়মিত ও অনিয়মিত শ্রমিককে স্ব-স্ব কর্মস্থলে সোনালী ব্যাংকের যে কোন শাখায় এ্যাকাউন্ট খুলতে হবে।
- (খ) উপকেন্দ্রের অর্থনৈতিক কর্মকান্ড পরিচালনার জন্য উপকেন্দ্রসমূহের ভারপ্রাপ্ত কর্মকর্তা ও ফার্ম ম্যানেজার/একজন জ্যেষ্ঠ কর্মকর্তার সমন্বয়ে সোনালী ব্যাংকে যৌথ ব্যাংক এ্যাকাউন্ট খুলতে হবে।

এখন থেকে প্রধান কার্যালয়সহ উপকেন্দ্রসমূহের সকল নিয়মিত ও অনিয়মিত শ্রমিকের মজুরী স্ব-স্ব ব্যাংক এ্যাকাউন্টে জমা হবে। উপকেন্দ্রসমূহের অর্থনৈতিক কর্মকান্ড পরিচালনার জন্য প্রেরিত অর্থ উক্ত যৌথ ব্যাংক এ্যাকাউন্টের মাধ্যমে পরিচালিত হবে। ব্যাংক এ্যাকাউন্ট নম্বরসমূহ বিভাগীয়/শাখা প্রধান/ভারপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক অগ্রগামী করে আগামী ৭ (সাত) দিনের মধ্যে সিএসও (আরসি)-এর মাধ্যমে পরিচালক (প্রশাঃ ও সাঃ সাঃ)-কে অবহিত করে হিসাব শাখায় জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, চলতি মাসের (আগষ্ট '২০১৬) শ্রমিক মজুরী ব্যাংকের মাধ্যমে পরিশোধ করা হবে।

এ পরিপত্র যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারী করা হলো।

  
(মোঃ আব্দুল লতিফ সিদ্দিকী)  
উপ-পরিচালক (প্রশাসন)

বিতরণঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে।

- ১। সিএসও (আরসি), সকল বিভাগীয় ও শাখা প্রধান, বিনা, ময়মনসিংহ (নিজ নিজ বিভাগ/শাখায় প্রচারার্থে)।
- ২। প্রধান, ইলেক্ট্রনিক্স শাখা (বিনা'র ওয়েব-সাইটে প্রকাশের জন্য)।
- ৩। উপ-পরিচালক (অর্থ), বিনা, ময়মনসিংহ।
- ৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, বিনা উপকেন্দ্র : ঈশ্বরদী, মাগুরা, সাতক্ষীরা, কুমিল্লা, রংপুর, জামালপুর, নালিতাবাড়ী, সুনামগঞ্জ, খাগড়াছড়ি, চাঁপাইনবাবগঞ্জ, নোয়াখালী, গোপালগঞ্জ, বরিশাল (স্ব-স্ব উপকেন্দ্রে প্রচারার্থে)।
- ৫। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিনা, ময়মনসিংহ।
- ৬। ফার্ম-ম্যানেজার, খামার শাখা, বিনা, ময়মনসিংহ।
- ৭। পরিচালক (প্রশাঃ ও সাঃ সাঃ) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিনা, ময়মনসিংহ।
- ৮। পরিচালক (প্রশিক্ষণ ও পরিকল্পনা) মহোদয়ের ব্যক্তিগত সহকারী।
- ৯। পরিচালক (গবেষণা) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিনা, ময়মনসিংহ।
- ১০। নোটিশ বোর্ড।
- ১১। সংশ্লিষ্ট নথি।
- ১২। মাস্টার ফাইল।